দৈনিক বাংলা

তারিখ ২৪/৪/৮০

কলাম ৪

০৩

# পাঁচ বছরে ৫ কোটি নিরক্ষরকে অক্ষর শেখাতে হবে: শাহ আজিজ

(স্টাফ রিপোর্টার)

প্রধানমন্ত্রী শাহ আজিজুর রহমান বলেছেন, আগামী পাঁচ বছরের মধ্যে দেশের পাঁচ কোটি নিরক্ষর লোককে অক্ষর জ্ঞান [illegible] হবে।

বাংলাদেশ ডাক বিভাগের [illegible] 'বিপ্লব দ্বিতীয় পর্যায়ে: শিক্ষা' স্মারক ডাক টিকিট প্রকাশ অনুষ্ঠানে প্রধানমন্ত্রী প্রধান অতিথির ভাষণে একথা বলেন। শনিবার সকালে পোস্ট মাস্টার জেনারেল ভবনের মিলনায়তনে এই অনুষ্ঠানের আয়োজন করা হয়।

শাহ আজিজুর রহমান বলেন যে নিরক্ষরতা দূরীকরণ অভিযান হচ্ছে দ্বিতীয় বিপ্লব। গোপালগঞ্জের একটি গ্রামে প্রেসিডেন্ট জিয়া এর

(শেষ পৃ: ৪-এর ক: দ্র:)

## শাহ আজিজ

(প্রথম পৃ: পর)

উদ্বোধন করেন। প্রথম বিপ্লব খাল খনন কর্মসূচী প্রায় শেষ হয়েছে। জনগণ স্বতঃস্ফূর্তভাবে এতে অংশগ্রহণ করেছে। এ পর্যন্ত এই কর্মসূচীতে সারা দেশে ১৬৭টি খাল খনন কাজ সম্পন্ন হয়েছে।

প্রধানমন্ত্রী 'বিপ্লব দ্বিতীয় পর্যায়ে: শিক্ষা' স্মারক ডাক টিকিট প্রকাশের কথা উল্লেখ করে বলেন যে এ ধরনের ডাক টিকিট প্রকাশের প্রয়োজন আছে।

**স্কাউট কাউন্সিল**

প্রধানমন্ত্রী শাহ আজিজুর রহমান সারা দেশে বিশেষ করে পল্লী অন্চলে স্কাউট আন্দোলনকে ছড়িয়ে দেয়ার আহ্বান জানিয়েছেন।

প্রধানমন্ত্রী শনিবার বাংলাদেশ স্কাউটের জাতীয় সদর দফতরে বাংলাদেশ স্কাউটের অষ্টম জাতীয় কাউন্সিলের বৈঠক উদ্বোধন করছিলেন।

প্রধানমন্ত্রী বলেন, সমাজকল্যাণ ও মানব জাতির প্রতি স্কাউটদের সেবামূলক আন্দোলন সমগ্র বিশ্বকে আকর্ষণ করেছে। খবর বাসস।

শাহ আজিজ উন্নয়ন কর্মসূচীতে স্কাউটদের সক্রিয় অংশ নেয়ার আহ্বান জানান। তিনি তাদের খাল খনন কাজে অংশ নেয়ার কথা উল্লেখ করে নিরক্ষরতা দূরীকরণ অভিযানে তাদের পূর্ণভাবে অংশ নিয়ে এই কর্মসূচীকে সফল করার আহ্বান জানান।

বাংলাদেশ স্কাউটের সভাপতি বিচারপতি জনাব এ এফ এম আহসানউদ্দিন উদ্বোধনী বৈঠকে সভাপতিত্ব করেন।